

## এসএসসি পরীক্ষা ও কিছু পদক্ষেপ

নানা ধরনের অপকর্মের লিও হয়ে এদেশের ছাত্র সমাজ আজ তাদের মূল্যবোধ হারিয়ে ফেলেছে। শিক্ষা ক্ষেত্রে হাজারো ফাঁকিবাঁজি, নকল আর দুর্নীতির আশ্রয় নিচ্ছে কেবলমাত্র পরীক্ষার বৈতরণী পার হবার জন্যে। ছাত্র সমাজের এই অধঃপতনের কারণ কি- এ প্রশ্নের সঠিক উত্তর পাওয়া যাবে কেবল এ দেশের সমাজ ব্যবস্থা ও শিক্ষা ব্যবস্থার মধ্যেই। পরীক্ষা কেন্দ্রে বিভিন্ন অপকর্মের একটি প্রধান কারণ হলো ক্রটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা। প্রতিদিনই ছাত্র-শিক্ষকদের কোন না কোন দাবী উত্থাপিত হচ্ছে প্রশাসনের দ্বারপ্রান্তে। আজ ছাত্র ধর্মঘট, কাল শিক্ষকদের অনশন ধর্মঘট-এভাবেই চলছে। ফলে বছরের অধিকাংশ সময়ই স্কুল-কলেজ বন্ধ থাকে। যার জন্যে শিক্ষা বোর্ডের নির্ধারিত সিলেবাস শেষ করা কোন ছাত্রের পক্ষেই সম্ভব হয় না। আর ডিগ্রী লাভের আশায় তাই তারা নানা ধরনের দুর্নীতির আশ্রয় নিচ্ছে। তাছাড়া এদেশের অর্থনৈতিক সংকট ও রাজনৈতিক প্রতাপে ছাত্ররা ব্যাপকভাবে প্রভাবিত হচ্ছে, যা তাদের ভবিষ্যৎ উন্নতির একটি বিরাট অন্তরায়। কিছু দিন পরেই দেশের চারটি বোর্ডের অধীনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। বলাবাহুল্য, ছাত্রদের সাহায্যার্থে বিটিভি ও রেডিও বাংলাদেশ এবং বেশ কয়েকটি দৈনিক সংবাদপত্র বিভিন্ন জটিল প্রশ্নের সমাধান করে দিচ্ছে। কিন্তু ব্যাপারটি দুঃখজনক হলেও সত্য যে- দেশের সচেতন ছাত্র সমাজ সে সমস্ত প্রশ্ন-উত্তরসমূহ সংবাদপত্র থেকে কেটে নকল তৈরিতে ব্যস্ত। অন্যান্য পুরাতন পদ্ধতি তো আছেই তাই দেশের প্রতিটি পরীক্ষা কেন্দ্রে নকলের বিরুদ্ধে কঠোরতর আইন প্রণয়ন করা দরকার। এবং পরীক্ষা কেন্দ্রে সেই সমস্ত শিক্ষকদের নিয়োগ করতে হবে- যারা আত্মসার্থপরায়ণতা ও স্বজনস্বীতির মোহে ডুবে থেকে কর্তব্যের অবহেলা করবেন না। কারণ পরীক্ষা কেন্দ্রে শিক্ষকদের এমন আচরণ প্রায়ই দেখা যায়। এই সমস্ত অপকর্মের অবসান ঘটাতে হলে এখন থেকেই কিছু পদক্ষেপ নিতে হবে। ছাত্রদের সামান্য দাবী বা আন্দোলনে পরীক্ষা না পিছিয়ে যথাসময়ে পরীক্ষা নেয়া দরকার। পরীক্ষা কেন্দ্রে নকল বা যাবতীয় দুর্নীতির বিরুদ্ধে কঠোর আইন এবং কেন্দ্রে কর্তব্যপরায়ণ ও দায়িত্ববান শিক্ষক নিয়োগ করতে হবে। কারণ অপরাধ-অপকর্ম আর দুর্নীতির বিষ আমাদের ছাত্র সমাজে এমনভাবে ছড়িয়ে পড়ছে- যার ফল প্রতিদিনই ভয়াবহ রূপ ধারণ করছে। নানা ধরনের অপকর্ম করে আজ অনেক ছাত্রই মেধা তালিকায় স্থান করে নেয়। তাই প্রতিটি শিক্ষা বোর্ডকে এখন থেকেই এসব দুর্নীতি দমনের যাবতীয় পদক্ষেপ নিতে হবে। শুধু শুধু ছাত্রদের পাশ করিয়ে দেশের বেকারত্বের সংখ্যা বাড়িয়ে কি লাভ??

লেলিন পিনাকু মিঠু  
১৩২/৩, পূর্ব রাজাবাজার  
তেজগাঁও, ঢাকা।